

৮৪৯টি শিক্ষা প্রতিষ্ঠানে শত ভাগ পাস

■ ইত্তেফাক রিপোর্ট

চলতি বছরের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার সারাংশে ৮৪৯টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা শতভাগ পাস করেছে। এর মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডের ২৪টি, রাজশাহীর ৯টি, কুমিল্লার ৭টি, যশোরের ৩টি, চট্টগ্রামের ২টি, বরিশালের ৩টি, সিলেটের ৮টি ও দিনাজপুরের ৮টি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা শতভাগ পাস করেছে। এছাড়া যাদাসা শিক্ষা বোর্ডের ৬৭৮টি ও কারিগরি শিক্ষা বোর্ডের ১০৭টি প্রতিষ্ঠানের পাসের হার শতভাগ।

এবার দেশে আটটি সাধারণ, মানরাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় ৭ হাজার ৬৫৭টি শিক্ষা প্রতিষ্ঠানের মোট ১০ লাখ দুই হাজার ৪৯৬ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে পাস করেছে মাত্র লাখ ৪৪ হাজার ৮৯১ জন। পাসের হার ৭৪ শতাংশ ৩০ শতাংশ।